



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/২৩০/মানিক/

তারিখ :

বিষয় : বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও দাতা সদস্য হিসেবে অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।

- সূত্র : (১) প্রতিষ্ঠাতা সদস্যদের ২৬/১১/২০১৯ তারিখের আবেদন।
 (২) দাতা সদস্যদের ২৬/১১/২০১৯ তারিখের আবেদন।
 (৩) জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ-এর স্মারক নং- ৪৫, তারিখ- ১৬/০১/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে,

(ক) (১) জনাব মোঃ আলাউদ্দিন বিশ্বাস, (২) জনাব মোঃ আতাউর রহমান বিশ্বাস, (৩) কমলা খাতুন, (৪) রাবেয়া খাতুন-কে বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে বিগত ০৭/০১/১৯৯৬ তারিখে সাবেক ২৩৩ আর.এস.- ৩৮১ ও ৩৮১ এর নাল জমি থেকে ৫০ শতাংশ জমি বিদ্যালয়ের নামে ৫০/- (পঞ্চাশ) টাকার স্ট্যাম্প দানপত্র সম্পাদনের মাধ্যমে জমি দান করেন। পরবর্তীতে ১৯/০২/২০০৩ তারিখে উক্ত জমি সাবরেজিস্টার অফিসের মাধ্যমে রেজিস্ট্রি করা হয়। ১৮/০৩/২০০৫ তারিখে বিদ্যালয় ম্যানেজিং কমিটির ২নং সভার ১নং সিদ্ধান্ত অনুসারে বর্ণিত ৪ (চার) জনকে প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে অনুমোদন করা হয়। জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ-এর তদন্ত প্রতিবেদনে ২০০৮ সাল থেকে বিদ্যালয়ের সকল ম্যানেজিং কমিটি গঠন প্রক্রিয়ায় প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে বর্ণিত ৪ (চার) জনের নাম অন্তর্ভুক্তি অব্যাহত রয়েছে বলে জানান।

(খ) দাতা সদস্য (১) জনাব মোঃ কবীর হোসেন বিশ্বাস, (২) জনাব মোঃ কিশোর কামাল বিশ্বাস, (৩) নিশানূর বিনতে আতাউর, (৪) জনাব মোঃ ইদ্রিস আলী বিশ্বাস, (৫) এষানূর বিনতে আতাউর, (৬) অনন্যা মঞ্জুরী উক্ত ৬ (ছয়) জন আজীবন দাতা সদস্য হবার উদ্দেশ্যে বিদ্যালয়ে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা করে দিয়েছেন বলে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক তার আবেদনে উল্লেখ করেন এবং জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ-এর তদন্ত প্রতিবেদনে উক্ত টাকা সোনালী ব্যাংক বালিরটেক শাখায় বিদ্যালয় তহবিলে জমা হয়েছে বলে তার তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন।

এমতাবস্থায়, প্রদত্ত দলিল, জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ-এর তদন্ত প্রতিবেদন এবং ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের আবেদন বিবেচনা করে (১) জনাব মোঃ আলাউদ্দিন বিশ্বাস, (২) জনাব মোঃ আতাউর রহমান বিশ্বাস, (৩) কমলা খাতুন, (৪) রাবেয়া খাতুন-কে বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে এবং (১) জনাব মোঃ কবীর হোসেন বিশ্বাস, (২) জনাব মোঃ কিশোর কামাল বিশ্বাস, (৩) নিশানূর বিনতে আতাউর, (৪) জনাব মোঃ ইদ্রিস আলী বিশ্বাস, (৫) এষানূর বিনতে আতাউর, (৬) অনন্যা মঞ্জুরী আজীবন দাতা সদস্য হিসেবে গণ্য করা যাবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।


প্রাপক : প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
 বনপারিল উচ্চ বিদ্যালয়
 পোঃ- বংখুরী, উপজেলা- সদর
 জেলা- মানিকগঞ্জ।

মেমো নং- ২৪৬৯ (২)

তারিখ : ২৪/০৬/২০২০

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, মানিকগঞ্জ।
- ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ।
- ৫। অফিস কপি।


 বিদ্যালয় পরিদর্শক
 মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
 ঢাকা।

শেখ
২৪.৬.২০